গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
সংস্থাপন শাখা
----
----

# জেলা পর্যায়ে ২০২৩-২৪ অর্থবছরে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: জাহাঙ্গীর হোসেন<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, বরিশাল |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেলা পর্যায়ে নৈতিকতা কমিটির সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ মোতাবেক ১ম নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় গত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পাঠ করা হয়। | গত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি |
| ০২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ অনুসরণ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ অনুসরণপূর্বক নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন। | অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি;<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল |
| ০৩। নিয়মিত সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালে আপলোডকরণ | ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোডের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল; প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল |

| | | | |
|---|---|---|---|
| ০৪। ওয়েবপোর্টালে শুদ্ধাচার কৌশলের জন্য নির্ধারিত সেবা বক্স হালনাগাদকরণ | জেলা ও উপজেলা প্রশাসনের সকল শুদ্ধাচার কৌশল সংক্রান্ত সেবা বক্সের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েবপোর্টালের শুদ্ধাচার বক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>খ) শুদ্ধাচার বক্সের সকল তথ্য ত্রুটিমুক্তভাবে হালনাগাদ ও সমৃদ্ধ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল; প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল |
| ০৫। কার্যবিবরণীর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তয়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসারগণ সভার সিদ্ধান্ত বাস্তয়নপূর্বক প্রতিটি সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত এ কার্যালয়ে প্রমাণকসহ প্রেরণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল |
| ০৬। ওয়েবপোর্টাল হালনাগাদকরণ | জেলা ও উপজেলা প্রশাসনের সকল ওয়েবপোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও উপজেলা প্রশাসনের সকল ওয়েবপোর্টাল হালনাগাদ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল; প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল |
| ০৭। শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুসারে চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে জেলা ও উপজেলা প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুসারে বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে জেলা ও উপজেলা প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার হিসেবে ০১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ; ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়েছে। | অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি; |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১-০৭-২০২৩
মো: জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক

**নম্বর:** ০৫.১০.০৬০০.১০৭.৫৮.০১৫.২০.৮৮৮

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল;
৪। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল;
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল;
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল;
৭। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা ম্যজি, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল;
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল;
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল;
১০। সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল;

১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল এবং
১২। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।

১১-০৭-২০২৩
মো: জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক